

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩০ তারিখঃ ১ আগস্ট ২০১৭ মঙ্গলবার

### সর্বশেষ পরিস্থিতি

- গত ৯ এপ্রিল হতে ১ আগস্ট ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৭৮ জন।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা মহানগরের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৮,৬৩৭ জন।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত তথ্য নিম্নরূপ। যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। আইইডিসিআর যাচাই-বাছাই করে সম্ভাব্য রোগীর সংখ্যা চূড়ান্ত করেছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর সংখ্যা (০১/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই শেষে রোগীর সংখ্যা (০১/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২৩	৮
নারায়নগঞ্জ	৯	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৩	৫
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
সর্বমোট	১৩৮	৪২*

\* ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত।

\*\*এদের অনেকেই ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ১ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৮১১। সম্ভাব্য নতুন রোগী ৯৬৪ জন ও পুরোনো রোগী ১,২৬০ জন। অবশিষ্টরা তথ্য জানতে চেয়েছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সেমিনার চিকুনগুনিয়াঃ ঢাকার অভিজ্ঞতা



আজ ১ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) "চিকুনগুনিয়াঃ ঢাকার অভিজ্ঞতা" শীর্ষক বৈজ্ঞানিক সেমিনার মাননীয় উপাচার্য অধ্যাপক কামরুল হাসান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম এমপি, বিশেষ অতিথি ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোহাম্মদ সাঈদ খোকন। মূল বক্তব্য উপস্থাপন করেন আইইডিসিআর-এর পরিচালক অধ্যাপক মীরজাদী সেব্রিনা ফ্লোরা, আরো বক্তব্য উপস্থাপন করেন বিএসএমএমইউ'র বাতব্যধি বিশেষজ্ঞ অধ্যাপক সৈয়দ আতিকুল হক। প্যানেলিস্ট হিসেবে উপস্থিত ছিলেন বিএসএমএমইউ'র অধ্যাপক শাহিনা তাবাসসুম, অধ্যাপক আবদুল জলিল চৌধুরী, অধ্যাপক চৌধুরী আলী কাওসার।

### লক্ষ্মীপুরে জনসচেতনামূলক তৎপরতা



চিকুনগুনিয়া ও ডেঙ্গু প্রতিরোধে গতকাল ৩১ জুলাই লক্ষ্মীপুরে স্বাস্থ্য বিভাগ, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, তথ্য কার্যালয় ও অন্যান্য সরকারী বিভাগের যৌথ উদ্যোগে র্যালি, মানব বন্ধন, প্রচারপত্র বিতরণ, মাইকিং ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম অনুষ্ঠিত হয়। ডেপুটি কমিশনারের কার্যালয় থেকে র্যালি শুরু হয়ে তিন দিকে বিভক্ত হয়ে গণসংযোগ প্রচারণা চলে।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- [www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন